ইত্তেফাক

তারিখ ... 5.12.79 ...
পৃষ্ঠা ... 3 ... কলাম ... 5 ...

204

## বিভিন্ন স্থানে স্বেচ্ছাশ্রমে খাল খনন শুরু

বগুড়া, ৩রা ডিসেম্বর (ভ্রাম্যমাণ রিপোর্টার)—সংসদ সদস্য জনাব আবুল হাসনাত চৌধুরীর নেতৃত্বে প্রায় ১০ হাজার লোক আজ জয়পুরহাট মহকুমার রাংতা-মুরারীপুর খাল পুনর্খনন প্রকল্পের কাজ শুরু করেন। জেলা প্রশাসক জনাব আমিন উদ্দিন চৌধুরী এই প্রকল্পের উদ্বোধন করেন। এই প্রকল্পের কাজ শেষ হইলে প্রায় ৩ শত একর জমির উপকার হইবে এবং প্রায় ২৭ লক্ষ টাকার

(৪র্থ পৃঃ দ্রঃ)

### নওগাঁ

নওগাঁ হইতে ইত্তেফাক সংবাদদাতা এক তারবার্তায় জানান যে, রাজশাহীর জেলা প্রশাসক গতকাল নওগাঁ মহকুমার নন্দা থানায় শিবনদী খাল পুনর্খনন কাজের উদ্বোধন করেন। প্রথম পর্যায়ে বাদাপুর বেড়ীবাঁধ হইতে বানুবাড়ী পর্যন্ত সোয়ামাইল এলাকায় মাটি কাটা হইবে।

### শিবালয় প্রকল্পে পল্লীউন্নয়ন মন্ত্রী

শিবালয় হইতে বাসস ও এনা পরিবেশিত খবরে বলা হয় যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ক্যাপ্টেন (অবঃ) আবদুল হালিম চৌধুরী সোমবার সরেজমিনে কাশীদহ-ইছামতি প্রকল্পের অগ্রগতি পরিদর্শনকালে স্বেচ্ছাশ্রমে এই খাল খনন কাজে অংশগ্রহণের উদ্দেশ্যে জনসাধারণকে উদ্বুদ্ধ করার জন্য স্থানীয় নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানান।

### টাংগাইল

টাঙ্গাইল হইতে বাসস জানায় যে, স্থানীয় জনসাধারণের স্বেচ্ছাশ্রমে ধলেশ্বরী-লৌহজং খাল পুনর্খনন কাজ আগাইয়া চলিয়াছে। পূর্তমন্ত্রী জনাব আবদুর রহমান, স্বনির্ভর-এর বিশেষ সচিব জনাব মাহবুবুল আলম চাষী এবং ঢাকার বিভাগীয় কমিশনার গত রবিবার উক্ত প্রকল্পের কাজ সরেজমিনে পরিদর্শন করেন এবং মাটি কাটার কাজে অংশ নেন। উল্লেখ্য, গত ২৫শে নভেম্বর উক্ত প্রকল্পের কাজ শুরু হয়।

### নারায়ণগঞ্জ

নারায়ণগঞ্জ হইতে বাসস জানায় যে, আগামী কয়েক দিনের মধ্যেই স্বেচ্ছাশ্রমে ১৩ মাইল দীর্ঘ শীতলক্ষ্যা-তাইতার খাল পুনর্খনন কাজ শুরু হইবে।

## খাল খনন শুরু

(৩য় পৃঃ পর)

অতিরিক্ত ফসল উৎপাদন সম্ভব হইবে।

### কুড়িগ্রাম

কুড়িগ্রাম হইতে ইত্তেফাক সংবাদদাতা এক তার বার্তায় জানান যে, কুড়িগ্রাম থানায় সন্ন্যাসী গ্রামে আজ ৫ মাইল দীর্ঘ খাল খনন কাজ শুরু হইয়াছে। প্রায় ১০ হাজার লোক প্রথম দিনের কাজে অংশগ্রহণ করেন। রংপুরের জেলা প্রশাসক জনাব মাহে আলম এই প্রকল্পের উদ্বোধন করেন। স্থানীয় কর্তৃপক্ষের মতে, তিন মাসের মধ্যে এই কাজ সম্পূর্ণ হইবে এবং প্রায় ২ হাজার চাষী উপকৃত হইবেন।

### চুয়াডাঙ্গা

কুষ্টিয়া হইতে ইত্তেফাক সংবাদদাতা এক তারবার্তায় জানান যে, গত রবিবার চুয়াডাঙ্গায় সাড়ে ৫ মাইল ভাইমারা-গোকুল খালী খাল খনন কাজ শুরু হইয়াছে। উদ্বোধনী দিবসে প্রায় ৮ হাজার স্বেচ্ছাসেবী মাটি কাটায় অংশগ্রহণ করেন। কুষ্টিয়ার জেলা প্রশাসক এই কাজের উদ্বোধন করেন। জেলা প্রশাসক জানান যে, ১ শত ৫১ দিনে এই কাজ সম্পন্ন হইবে এবং উহাতে ২ হাজার একর জমি চাষাবাদের সুবিধা পাইবে। ফলে প্রায় ৩০ হাজার মণ অতিরিক্ত গমের ফলন এবং প্রায় সোয়া দুই লক্ষ টাকার মাছের চাষ সম্ভব হইবে। তিনি জানান যে, খুব শীঘ্রই দৌলতপুরের হিশনা নদী এবং মেহেরপুরে একটি খাল পুনঃ খননের কাজ শুরু করা হইবে। ফলে ৫ হাজার একর জমিতে প্রায় এক কোটি টাকার ফসল পাওয়া যাইবে।